গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা ঢাকা।

পত্র নং- ৩৩.০২.০০০০.৯৫৬.৩৩.০০১.২৩.৫৮০ তারিখঃ ০৭.১১.২০২৩ খ্রি.

বিষয়ঃ "ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প (১ম সংশোধিত)" এর আওতায় জেলেদের অবৈধ জাল ধ্বংস করে বৈধ জাল বিতরণে গ্রাম নির্বাচন ও সুফলভোগী জেলের তালিকা প্রণয়ন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প (১ম সংশোধিত) এর আওতায় অবৈধ জাল বা ফিক্সড গিয়ার ধ্বংস করে বৈধ জাল বিতরণ কার্যক্রমে অন্তর্ভূক্ত শরীয়তপুর জেলার ৩টি গ্রামে জেলে পরিবারের মাঝে ১০০০ (এক হাজার) টি ইলিশ ধরার বৈধ জাল প্রদান করা হবে। ২০২৩-২৪ অর্থবছরে অবৈধ/ধ্বংসাত্মক জাল বা ট্রাপ ব্যবহারকারী জেলেদের নিরুৎসাহী করার জন্য নিম্নোক্ত ছক মোতাবেক প্রতিটি জাল ৩-৫ জনের গ্রুপ হিসেবে ১০০টি বৈধ জাল বিতরণ করা হবে।

| ক্রমিক নং | জেলার নাম | বৈধ জাল বিতরণ কার্যক্রমে অন্তর্ভুক্ত উপজেলার নাম | বৈধ জাল বিতরণ কার্যক্রমের জন্য নির্ধারিত গ্রামের সংখ্যা (টি) | প্রকল্প মেয়াদে বৈধ জাল প্রদান সংখ্যা (টি) | ২০২৩-২৪ অর্থ বছরে বৈধ জাল প্রদান সংখ্যা (টি) |
|---|---|---|---|---|---|
| ০১ | শরীয়তপুর | নড়িয়া, ভেদরগঞ্জ, গোসাইরহাট | ৩ | ১০০০ | ১০০ |
| | | মোট | ৩ টি | ১০০০ টি | ১০০টি |

এমতাবস্থায় প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকা অনুসারে আপনার জেলায় জেলে গ্রাম নির্বাচন করতঃ নির্বাচিত গ্রাম হতে সুফলভোগীর তালিকা চূড়ান্ত অনুমোদনের জন্য জেলা প্রকল্প ব্যবস্থাপনা কমিটি ও সংশ্লিষ্ট উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরনী প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকা।

(মোঃ জিয়া হায়দার চৌধুরী)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইলঃ ০১৭৬৯-৪৫৯১০৪
ই-মেইলঃ pdilishproject@fisheries.gov.bd

জেলা মৎস্য কর্মকর্তা, শরীয়তপুর।

পত্র নং-৩৩.০২.০০০০.৯৫৬.৩৩.০০১.২৩. ৫৮০ তারিখঃ ০৭.১১.২০২৩ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ
১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।
২. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা।
৩. সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা, নড়িয়া/ভেদরগঞ্জ/গোসাইরহাট, শরীয়তপুর।
৪. দপ্তর নথি।

(মোঃ জিয়া হায়দার চৌধুরী)
প্রকল্প পরিচালক